

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
১ কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।
www.roc.gov.bd



নং-২৬.০৬.০০০০.০৯৩.০১.০৭২.১৯. ১৩৬৭

তারিখ : ২৪/১২/২০২০ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ বন্ধকের বিবরণী (Mortgage) বা চার্জ নিবন্ধন সার্টিফিকেট ও নিবন্ধিত কোম্পানির নাম পরিবর্তনের সার্টিফিকেট ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে গ্রাহকের ই-মেইলে প্রেরণ।


উপরিউক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্রাহক সেবা অধিকতর সহজিকরণের উদ্দেশ্যে বন্ধকের বিবরণী বা চার্জ নিবন্ধন ও নিবন্ধিত কোম্পানির নাম পরিবর্তনের সার্টিফিকেট প্রদান সংক্রান্তে এ পরিদপ্তরে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে।

২। বন্ধকের বিবরণী নিবন্ধনের ক্ষেত্রে বন্ধক বা চার্জ সৃষ্টিকারী আর্থিক প্রতিষ্ঠান/কোম্পানি কর্তৃক নির্ধারিত ফরম পূরন করে অনলাইনে দাখিলের পাশাপাশি হার্ডকপিতে পক্ষগণের স্বাক্ষরান্তে উহার মূলকপি এবং বন্ধক বা চার্জ সৃষ্টিকারী দলিলের ফটোকপি সত্যায়ন করে এ দপ্তরে দাখিল করতে হবে।

৩। দাখিলকৃত কাগজাদি পরীক্ষান্তে সঠিক পাওয়া গেলে বন্ধকের বিবরণী বা চার্জ নিবন্ধনের পর সার্টিফিকেট ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে আবেদনকারীর ই-মেইলে সরাসরি প্রেরণ করা হবে।

৪। নিবন্ধিত কোম্পানির নাম পরিবর্তনের ক্ষেত্রে কোম্পানির বিশেষ সিদ্ধান্তের বিপরীতে বিধি মোতাবেক ফরম VIII, সংঘস্মারক, ও সংঘবিধি যথাযথভাবে দাখিলের পর পরীক্ষান্তে সঠিক পাওয়া গেলে এ দপ্তর হতে কোম্পানির নাম পরিবর্তনের সার্টিফিকেট ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে আবেদনকারীর ই-মেইলে সরাসরি প্রেরণ করা হবে।

৫। আগামী ৩০.১২.২০২০ ইং খ্রিঃ তারিখ হতে এ সিদ্ধান্ত বলবৎ হবে।


২৪.১২.২০২০

(মোঃ মকবুল হোসেন)

নিবন্ধক (অতিরিক্ত সচিব)

ফোন (অফিস): +৮৮ ০২৮১৮৯৪০১

ফ্যাক্স: +৮৮ ০২৮১৮৯৪০২

ই-মেইল: registrar@roc.gov.bd

বিতরণ (অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে):

১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। ব্যবস্থাপনা পরিচালক, ব্যাংক ও ব্যাংক বর্হিভূত আর্থিক প্রতিষ্ঠানসমূহ (সকল)।

৩। সহকারী প্রোগ্রামার, আরজেএসসি (ওয়েবসাইটে ও রিটার্ন ফাইলিং ওয়েব পেইজে প্রকাশের জন্য)।

৪। অফিস কপি।

